# রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭

অনুচ্ছেদ-১: ভূমিকা

প্রাইভেটকার, জিপ, মাইক্রোবাস, মোটরসাইকেলের মতো ছোট ছোট মোটরযানের সংখ্যা ক্রমাগত বৃদ্ধির ফলে দেশের সড়ক, মহাসড়ক ও নগরীতে যানজটের সৃষ্টি হয়। তদুপরি মহানগরীতে যাত্রী চাহিদার তুলনায় গণপরিবহনের সংখ্যা অপ্রতুল হওয়ায় স্বাভাবিক যাত্রীসেবা ব্যাহত হয়। এতে সর্বসাধারণের মূল্যবান শ্রম-ঘন্টা এং বৈদেশিক মুদ্রায় ক্রয়কৃত জ্বালানির অপচয় হয়। বিশ্বের বহুদেশে ইন্টারনেট ভিত্তিক সফটওয়্যার এপ্লিকেশনের মাধ্যম রাইডশেয়ারিং সার্ভিস চালু করে ব্যক্তিগত গাড়ি হ্রাস করা সম্ভব হয়েছে। রাইডশেয়ারিং সার্ভিস এমন একটি পরিবহন সেবা ব্যবস্থা সেখানে ব্যক্তিগত মোটরযানের মালিক নিজের প্রয়োজন মিটিয়ে মোবাইল/স্মার্ট ফোনের মাধ্যমে ইন্টারনেট ভিত্তিক অনলাইন এপ্লিকেশন ব্যবহার করে ব্যক্তিগত মোটরযানকে ভাড়ায় পরিচালনা করে অর্থাৎ ভাড়ার বিনিময়ে একটি ব্যক্তিগত মোটরযানকে বহুব্যক্তি বা পরিবারকে ব্যবহার করতে দেয়া হয়। এটি একটি নিরাপদ নির্বিঘ্ন সাশ্রয়ী ও মানসম্মত ডোর-টু-ডোর পরিবহন সার্ভিস। ব্যক্তিগত মোটরযানকে এক ব্যক্তি বা পরিবার কর্তৃক এককভাবে ব্যবহার না করে বহুব্যক্তি বা পরিবার কর্তৃক ব্যবহারের মাধ্যমে ব্যক্তিগত গাড়ির সংখ্যা বৃদ্ধির প্রবণতারোধ করা সম্ভব। এইরূপ অবস্থায় দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে ব্যক্তিগত মোটরযানের সংখ্যা বৃদ্ধির প্রবণতারোধ এবং যাত্রীসেবা সহজলভ্য করার উদ্দেশ্যে দেশে রাইডশেয়ারিং ব্যবস্থার সুযোগ সৃষ্টি করা প্রয়োজন।

অনুচ্ছেদ-২: রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা প্রবর্তন

ব্যক্তিগত মোটরযানকে ভাড়ায় চালানোর বিষয়ে দেশে এতদসংক্রান্ত কোন বিধি বিধান না থাকায় মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর ধারা-৫৩ এর ক্ষমতাবলে পরীক্ষামূলকভাবে রাইডশেয়ারিং সার্ভিস চালুকরণের নিমিত্ত "রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭" প্রণয়ন করা হলো।

অনুচ্ছেদ-৩ : রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার শর্তাবলী

(১) রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার জন্য কর্তৃপক্ষ অর্থাৎ বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি'র নিকট হতে রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানকে "রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট" এবং মোটরযানের মালিককে "রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট" গ্রহণ করতে হবে।

(২) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানকে টিআইএন নম্বরধারী পাবলিক বা প্রাইভেট লিমিটেড কোম্পানি হতে হবে এবং পাবলিক বা প্রাইভেট লিমিটেড কোম্পানির সকল শর্তাদি মেনে চলতে হবে।

(৩) যাত্রী চাহিদা, সড়ক নেটওয়ার্কের ক্যাপাসিটি, রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের দক্ষতা, সার্ভিস প্রদানকারী মোটরযানের সংখ্যা ইত্যাদির ভিত্তিতে রাইডশেয়ারিং সার্ভিস এলাকা কর্তৃপক্ষ কর্তৃক নিরুপিত হবে।

(৪) কমপক্ষে ২০০ (দুইশত) মোটরযান ব্যতীত কোনো রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান রাইডশেয়ারিং সার্ভিস এর সাথে যুক্ত হতে পারবে না।

(৫) রাইডশেয়ারিং সার্ভিস এর আওতায় প্রাইভেট (ভাড়ায় চালিত নয়) সকল ধরনের যাত্রীবাহী মোটরযান যেমন- মোটরকার, জিপ, মাইক্রোবাস, অটোরিকশা, এ্যাম্বুলেন্স, মোটরসাইকেল ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে।

(৬) হালনাগাদ রুটপারমিট থাকা সাপেক্ষে অটোরিকশা ও ট্যাক্সিক্যাবসহ ভাড়ায় চালিত হিসেবে রেজিস্ট্রেশনকৃত সকল ধরনের যাত্রীবাহী মোটরযান রাইডশেয়ারিং সার্ভিস এর আওতায় চলাচল করতে পারবে। এই ক্ষেত্রে "রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট" এর প্রয়োজন হবে না।

(৭) রাইডশেয়ারিং সার্ভিসে ব্যবহৃত মোটরযানের প্রয়োজনীয় কাগজপত্র যেমন: রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্সটোকেন, ইনসিওরেন্স সার্টিফিকেট, রুটপারমিট/রাইডশেয়ারিং মোটরযানের এনলিস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি হালনাগাদ থাকতে হবে।

(৮) "রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট" প্রাপ্তির পর রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান, মোটরযানের মালিক ও চালকের মধ্যে একটি ত্রিপাক্ষীক সমঝোতা চুক্তি করতে হবে, যেখানে সকল পক্ষের অধিকার এবং দায়-দায়িত্বের বিষয় উল্লেখ থাকবে। ত্রিপাক্ষীক সমঝোতা চুক্তির পর কোনো মোটরযানের মালিক ও চালক কমপক্ষে ০৩(তিন) মাস সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত অন্যকোনো রাইড শেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হতে পারবে না। কর্তৃপক্ষের নিকট থেকে অনুমোদন প্রাপ্ত না হয়ে থাকলে সংশ্লিষ্ট মোটরযানের মালিক কোনো রাইড শেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হতে পারবে না।

(৯) নির্ধারিত স্ট্যান্ড/অনুমোদিত পার্কিং ব্যতীত যাত্রী সংগ্রহের উদ্দেশ্যে কোনো রাইডশেয়ারিং মোটরযান রাস্তায় যেখানে সেখানে থেমে থাকতে পারবে না অর্থাৎ যাত্রী ওঠা-নামা ব্যতীত এইরূপ মোটরযান সর্বদা চলাচলরত থাকতে হবে।

(১০) রাইড শেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭ এর আওতায় একজন মোটরযান মালিক মাত্র একটি মোটরযান রাইড শেয়ারিং সার্ভিস এর আওতায় পরিচালনার অনুমতি পাবেন। তবে, ভাড়ায় চালিত হিসেবে রেজিস্ট্রেশনকৃত রুটপারমিটধারী মোটরযানের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য হবে না।

(১১) এই নীতিমালা জারির পর ক্রয়কৃত নতুন ব্যক্তিগত মোটরযান রেজিস্ট্রেশন গ্রহণের নূন্যতম একবছর অতিক্রান্ত না হলে রাইড শেয়ারিং সার্ভিসের আওতায় চলাচল করতে পারবে না।

অনুচ্ছেদ-৪ : <u>রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানর দায়-দায়িত্ব</u>

(১) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান ইন্টারনেটের মাধ্যমে মোবাইলফোন/স্মার্টফোন ভিত্তিক সফটওয়্যার এপ্লিকেশন প্রযুক্তি সুবিধা দিয়ে রাইডশেয়ারিং সার্ভিস নিরাপদ, সুশৃঙ্খল, নির্বিঘ্ন ও সহজলভ্য করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(২) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান মোটরযান চালককে এপ্লিকেশন ইনস্টলেশন, ব্যবহার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবে।

(৩) একটি ভ্রমণের সম্ভাব্য ভাড়ার পরিমান যাত্রা শুরুর প্রাক্কালে যাত্রীগণ যাতে জানতে পারে সে সংক্রান্ত সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে।

(৪) ভ্রমণ সমাপ্তির পর যাত্রী যাতে ভ্রমণ শুরু ও সমাপ্তির স্থান, ভ্রমণের মোট সময় ও দুরত্ব, মোট ভাড়ার পরিমানের একটি ইলেক্ট্রনিক রেকর্ড এসএমএস এর মাধ্যমে পেতে পারে সে সংক্রান্ত সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে। এই সংক্রান্ত তথ্যাদি রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের সার্ভারে কমপক্ষে তিন মাস সংরক্ষণ করতে হবে।

(৫) রাইডশেয়ারিং এপ্লিকেশনের মাধ্যমে যাত্রীগণ যাতে চালক, গাড়ি বা ভ্রমণ সম্পর্কে তাদের মতামত/অভিযোগ বিআরটিএ ও রাইডশেয়ারিং প্রযুক্তি প্রতিষ্ঠানকে জানাতে পারে সে সংক্রান্ত সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে।

(৬) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান অন্যকোনো পক্ষের কাছে ড্রাইভার বা যাত্রীর ব্যক্তিগত সনাক্তযোগ্য কোন তথ্য প্রকাশ করবে না। তবে, আইন প্রয়োগকারী সংস্থা বা বিআরটিএ বা অন্যকোনো অনুমোদিত কর্তৃপক্ষের প্রয়োজনে তা সরবরাহ করতে হবে। এছাড়া, যাত্রী সনাক্তকরণের বা যাত্রী এবং ড্রাইভারের মধ্যে যোগাযোগ রক্ষা করার প্রয়োজনে তা শেয়ার করা যাবে।

(৭) যাত্রী নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতকরণের জন্য রাইডশেয়ারিং এপ্লিকেশনের মাধ্যমে যাত্রীগণ যাতে আইন প্রয়োগকারী সংস্থার টেলিফোন নম্বর/মোবাইলফোন নম্বর পেতে পারে সে সংক্রান্ত সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে।

(৮) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান রাইডশেয়ারিং এর সাথে জড়িত মোটরযানের মালিকানা দাবি করতে পারবে না।

(৯) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান রাইডশেয়ারিং এর সাথে জড়িত মোটরযান চালকের নিম্নবর্ণিত হালনাগাদ তথ্যাদি/ডকুমেন্ট সংরক্ষণ করবে:

(ক) ড্রাইভিং লাইসেন্সের কপি;

(খ) জাতীয় পরিচয়পত্রের কপি;

(গ) ড্রাইভারের বর্তমান ঠিকানার প্রমাণপত্র।

(ঘ) মোবাইল ফোন নম্বরসহ যোগাযোগের তথ্যাদি;

(ঙ) ছবি;

(চ) সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাদি;

(১০) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানকে তাদের সফটওয়্যার এপ্লিকেশন সেবা পরিচালনার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় অথবা সরকার অনুমোদিত এতদসংক্রান্ত কোনো প্রতিষ্ঠানের নিকট হতে প্রয়োজনীয় অনুমতি গ্রহণ করতে হবে।

(১১) রাইডশেয়ারিং সার্ভিসের যাত্রীগণ যাতে মোবাইলফোন/স্মার্টফোনের মাধ্যমে রাইডশেয়ারিং সার্ভিসে নিয়োজিত চালকের ছবি, নাম এবং মোটরযানের রেজিস্ট্রেশন নম্বরসহ মোটরযানের অবস্থান ভালোভাবে অবলোকন করতে পারে সে সংক্রান্ত সুবিধাদি রাইডশেয়ারিং এপ্লিকেশনে অন্তর্ভুক্ত করতে হবে।

(১২) রাইডশেয়ারিং সার্ভিসের যাত্রী ভ্রমণপথে নেটওর্য়াকের মধ্যে সর্বোচ্চ দু’জন ব্যক্তিকে আসন ব্যবস্থা থাকলে সহযাত্রী করতে পারবে। তবে, এই ক্ষেত্রে অবশ্যই এপ্লিক্যাশন ব্যবহার করতে হবে।

(১৩) রাইড শেয়ারিং সার্ভিসের অন্তর্ভুক্ত কোনো মোটরযানে প্রথম যাত্রী আরোহণের পর দ্বিতীয় কোনো যাত্রী এপ্লিক্যাশন ব্যবহার করে উক্ত মোটরযানে আরোহণ করতে চাইলে দ্বিতীয় যাত্রী যেন উক্ত মোটরযানের ট্রাকিং (মোটরযানের অবস্থান) সম্পর্কে অবহিত হতে পারেন সে বিষয়ে সফটওয়্যারে প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে।

## অনুচ্ছেদ-৫: রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান পদ্ধতি

(১) কর্তৃপক্ষ প্রদত্ত রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ব্যতীত কোনো রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনা করতে পারবে না।

(২) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট এর জন্য রাইডশেয়ারিং প্রযুক্তি প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের ওয়েবসাইটে ইনস্টল্ডকৃত ওয়েবপোর্টাল এর মাধ্যমে অনলাইনে কর্তৃপক্ষের নিকট ফরম-ক অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে এনলিস্টমেন্ট ফিস ১,০০,০০০ (এক লক্ষ) টাকা, ট্রেড লাইসেন্স, ইটিআইএন সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে। এনলিষ্টমেন্ট ফি সরকার কর্তৃক সময়ে সময়ে হ্রাস-বৃদ্ধি হতে পারে।

(৩) আবেদনপত্র প্রাপ্তির পর কর্তৃপক্ষ যাচাই-বাছাইপূর্বক ফরম-খ অনুযায়ী অনলাইনে এক বছর মেয়াদে রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান করবে।

(৪) “রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট” এর মেয়াদ শেষ হলে তা নবায়ন করা যাবে। নবায়ন ফিস প্রতিবছর ১০,০০০(দশ হাজার) টাকা।

(৫) রাইড শেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট হারিয়ে গেলে কিংবা নষ্ট হয়ে গেলে ১,০০০ (এক হাজার) টাকা ফিস প্রদানপূর্বক প্রতিলিপি কপি সংগ্রহ করা যাবে।

(৬) রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানে ঠিকানা বা অন্যকোনো পরিবর্তনের কারণে রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেটে বর্ণিত বিবরণের কোনো সংশোধনী প্রয়োজন হলে ৫০০(পাঁচশত) টাকা ফিস প্রদানপূর্বক সংশোধন করা যাবে।

(৭) এক রাইড শেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান হতে অন্য রাইড শেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানে এনলিষ্টমেন্ট হতে হলে অনুচ্ছেদ-৩ এর ক্রমিক নং-৮ এর শর্ত প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট রাইড শেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান হতে ডি-এনলিষ্টমেন্ট সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

অনুচ্ছেদ-৬: রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান পদ্ধতি

(১) কর্তৃপক্ষ কর্তৃক প্রাইভেট মোটরযানের অনুকূলে প্রদত্ত রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ব্যতীত কোনো রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান বা মোটরযানের মালিক বা চালক কোনো মোটরযান দিয়ে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনা করতে পারবে না।

(২) রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট এর জন্য রাইডশেয়ারিং প্রযুক্তি প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের ওয়েবসাইটে ইনস্টল্ডকৃত ওয়েবপোর্টাল এর মাধ্যমে অনলাইনে কর্তৃপক্ষের নিকট ফরম-গ অনুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে মোটরযানের নিম্নবর্ণিত তথ্যাদি দাখিল করতে হবে:

(ক) রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
(খ) হালনাগাদ ফিটনেস সার্টিফিকেট;
(গ) হালনাগাদ ট্যাক্সটোকেন;
(ঘ) চালকের হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স;
(ঙ) মালিক ও চালক উভয়ের জাতীয় পরিচয়পত্র;
(চ) মালিকের টিআইএন সার্টিফিকেট।

(৩) রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট একবারে সর্বোচ্চ ৩(তিন) বছর মেয়াদে প্রদান করা যাবে। মেয়াদ শেষে তা নবায়ন করতে হবে। প্রতি বছর রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ফিস হবে থ্রি-হুইলার ও মোটরসাইকেলের জন্য ৮০০(আটশত) টাকা এবং অন্যান্য মোটরযানের ক্ষেত্রে ১২০০ (একহাজার দুইশত) টাকা।

(৪) আবেদনপত্র প্রাপ্তির পর কর্তৃপক্ষ তা যাচাই-বাছাইপূর্বক ফরম-ঘ অনুযায়ী অনলাইনে রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান করবে।

(৫) রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট হারিয়ে গেলে কিংবা নষ্ট হয়ে গেলে ৩০০ (তিনশত) টাকা ফিস প্রদানপূর্বক প্রতিলিপি কপি সংগ্রহ করা যাবে।

(৬) রাইডশেয়ারিং মোটরযানের মালিক বা চালক বা মালিকের ঠিকানার কোনো পরিবর্তন হলে পরিবর্তীত মালিক বা চালকের বিবরণ রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেটে অন্তর্ভুক্তপূর্বক ২০০ (দুইশত) টাকা ফিস প্রদান করে তা সংশোধন করা যাবে।

অনুচ্ছেদ-৭: রাইডশেয়ারিং সার্ভিসের ভাড়ার হার

রাইডশেয়ারিং সার্ভিসের ভাড়ার হার আপাতত ডিরেগুলেটেড থাকবে। তবে, যাত্রী অসন্তোষ সৃষ্টি হলে সে ক্ষেত্রে সরকার ভাড়া নির্ধারণ করতে পারবে।

অনুচ্ছেদ-৮: অন্যান্য বিষয়

(১) কর্তৃপক্ষের ওয়েবসাইটে এই গাইড লাইনের আওতায় অনলাইনে কার্যক্রম সম্পাদনের জন্য ওয়েবপোর্টাল স্থাপন ও এতদসংক্রান্ত তথ্য কর্তৃপক্ষের ডাটাবেজে সংরক্ষণসহ যাবতীয় কারিগরি সহায়তা রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান নিজ খরচে প্রদান করবে।

(২) উপানুচ্ছেদ-১ এ বর্ণিত ওয়েবপোর্টাল কর্তৃপক্ষের নিজস্ব সম্পত্তি হবে এবং যাবতীয় সিকিউরিটি সিস্টেম ও পাসওয়ার্ড কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করতে হবে।

(৩) এই গাইডলাইনে বর্ণিত যাবতীয় ফিস মোটরযান কর ও ফিস জমাদানের ন্যায় কর্তৃপক্ষের অনলাইন ব্যাংকিং সিস্টেমে জমা প্রদান করা যাবে। এজন্য সফটওয়্যারে প্রয়োজনীয় সংশোধনী আনা হবে।

(৪) রাইডশেয়ারিং সার্ভিসে নিয়োজিত চালকের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

(৫) রাইডশেয়ারিং সার্ভিসে নিয়োজিত চালকের এপ্লিকেশন লগইন এবং লগঅফ করার ক্ষমতা থাকতে হবে।

অনুচ্ছেদ-৯: আইনানুগ বিষয়

(১) এই গাইড লাইনের এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটিয়ে কোনো রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান কোনো কার্যক্রম পরিচালনা করলে সংশ্লিষ্ট রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট বাতিল ও রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ করাসহ তাদের বিরুদ্ধে দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(২) এই গাইড লাইনের এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটিয়ে কোনো রাইডশেয়ারিং মোটরযান মালিক বা চালক কোনো কার্যক্রম পরিচালনা করলে সংশ্লিষ্ট রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমন্টে সার্টিফিকেট বাতিল ও মোটরযানের রাইডশেয়ারিং কার্যক্রম বন্ধ করাসহ তাদের বিরুদ্ধে দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(৩) মোটরযান আইন ও বিধিতে বর্ণিত চালকের দায়িত্ব-কর্তব্য সংক্রান্ত বিধি-বিধান মেনে চলা ছাড়াও রাইডশেয়ারিং মোটরযান চালককে নিম্নবর্ণিত শর্ত/শর্তসমূহ মেনে চলতে হবে:

(ক) ট্রাফিক আইন মেনে চলা;

(খ) স্বল্প দূরত্ব চলাচল নিশ্চিত করা;

(গ) যাত্রীদের সাথে সদাচরণ করা;

(ঘ) মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ফিটনেস সার্টিফিকেট, ট্যাক্সটোকেন, ইনসিওরেন্স সার্টিফিকেট, রুটপারমিট/ রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট ইত্যাদি প্রযোজ্য কাগজপত্র সঙ্গে রাখা।

উপরোক্ত এক বা একাধিক বিষয় অমান্য বা শৃংখলা পরিপন্থী কোনো আচরণ বা কর্মকান্ড পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট চালক, মালিক ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মোটরযান অধ্যাদেশ, ১৯৮৩ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক এবং দেশের প্রচলিত এতদসংক্রান্ত অন্যান্য আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ফরম-ক

**রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিষ্টমেন্ট এর জন্য আবেদন ফরম**

বরাবর
চেয়ারম্যান
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

**বিষয়: রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিষ্টমেন্ট এর জন্য আবেদন।**

আমি রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট এর জন্য নিম্নেবর্ণিত তথ্যাদি/দলিলাদি দাখিল করলাম:

১। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের নাম: ২। রেজিঃ নম্বর:

৩। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের রেজিস্টার্ড ঠিকানা (হেড অফিস):

ক) বাড়ি নম্বর:……………………., খ) রোড নম্বর:…………………, গ) থানা:……………………….,

ঘ) জেলা:……………………………………………, ঙ) ই-মেইল:……………………………………

৪। বিদেশী রাইড শেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের আঞ্চলিক ঠিকানা:

ক) বাড়ি নম্বর:……………………., খ) রোড নম্বর:…………………, গ) থানা:……………………….,

ঘ) জেলা:……………………………………………, ঙ) ই-মেইল:……………………………………

৫। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের ব্যবসায়িক এ্যাপস এর নাম:

৬। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের এ্যাপস এর প্রস্তুতকারী প্রতিষ্ঠান:

৭। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান বাংলাদেশের যে এলাকায় সেবা প্রদানে ইচ্ছুক:

৮। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত এনলিস্টমেন্ট ফিস এর পরিমান:

৯। সংযুক্ত কাগজপত্রের বিবরণ:

বর্ণিত প্রতিষ্ঠানকে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার নিমিত্তে এনলিস্ট করার জন্য অনুরোধ করা হলো। আমি/আমরা অঙ্গিকার করছি যে, উপরি বর্ণিত যাবতীয় তথ্যাদি সঠিক এবং রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার অনুমতি পেলে রাইডশেয়ারিং সার্ভিস গাইডলাইন, ২০১৭ এর সকল শর্তাবলি মেনে চলতে বাধ্য থাকবো।

আবেদনকারীর স্বাক্ষর, নাম ও পদবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফরম- খ

## রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট

সার্টিফিকেট নম্বর: ইস্যুর তারিখ:

মেয়াদ:

প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা:

ক) বাড়ি নম্বর:.........................., খ) রোড নম্বর:................., গ) থানা:..............................,

ঘ) জেলা:..............................................., ঙ) ই-মেইল:.......................................

প্রতিষ্ঠানের এপ্লিকেশন (এ্যাপস) এর নাম:

উপরোক্ত প্রযুক্তিপ্রতিষ্ঠানকে রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা, ২০১৭ এর সংশ্লিষ্ট শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার নিমিত্ত রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান হিসেবে এনলিস্ট করা হলো।

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

**ফরম-গ**

রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট এর জন্য আবেদন ফরম

বরাবর
চেয়ারম্যান
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা।

**বিষয়:** রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট এর জন্য আবেদন।

আমি/আমরা রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট এর জন্য নিম্নেবর্ণিত তথ্যাদি/দলিলাদি দাখিল করলাম:

১। মোটরযানের (ক) রেজিস্ট্রেশন নম্বর:

(খ) চেসিস নম্বর:

(গ) ইঞ্জিন নম্বর:

২। রেজিস্ট্রেশন সার্টিফিকেট অনুযায়ী মোটরযান মালিকের নাম:

৩। রেজিস্ট্রেশন সার্টিফিকেট অনুযায়ী মোটরযান মালিকের ঠিকানা:

৪। রেজিস্ট্রেশন সার্টিফিকেট অনুযায়ী মোটরযান মালিকের স্থায়ী ঠিকানা:

৫। মোটরযানের ট্যাক্সটোকেন, ফিটনেস, ইনসিওরেন্স এর মেয়াদ:

৬। চালকের নাম, পিতার নাম ও ঠিকানা (ড্রাইভিং লাইসেন্স অনুযায়ী):

৭। চালকের ড্রাইভিং লাইসেন্স নম্বর, ইস্যুকারী কর্তৃপক্ষ ও মেয়াদ:

৮। মোটরযান মালিকের জাতীয় পরিচয়পত্র নম্বর:

৯। মোটরযান চালকের জাতীয় পরিচয়পত্র নম্বর:

১০। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান ও এপ্লিকেশনের নাম:

১১। এনলিস্টমেন্টের জন্য দাখিলকৃত ফিস এর পরিমান:

১২। সংযুক্ত দালিলাদির বিবরণ:

বর্ণিত মোটরযানকে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার নিমিত্তে এনলিস্ট করার জন্য অনুরোধ করা হলো। আমি/আমরা অঙ্গিকার করছি যে, উপরি বর্ণিত যাবতীয় তথ্যাদি সঠিক এবং রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার অনুমতি পেলে রাইডশেয়ারিং সার্ভিস গাইডলাইন, ২০১৭ এর সকল শর্তাবলি মেনে চলতে বাধ্য থাকবো।

মোটরযান মালিকের স্বাক্ষর

চালকের স্বাক্ষর

রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠানের
সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি
পুরাতন বিমানবন্দর সড়ক
এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ফরম- ঘ

রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট

১। সার্টিফিকেট নম্বর:

২। ইস্যুর তারিখ:

৩। মোটরযানের রেজিস্ট্রেশন নম্বর:

৪। মোটরযান মালিকের নাম ও ঠিকানা:

৫। রাইডশেয়ারিং প্রযুক্তিপ্রতিষ্ঠান ও এপ্লিকেশন (এ্যাপস) এর নাম:

৬। রাইডশেয়ারিং সার্ভিস এলাকার নাম:

উপরি-উক্ত মোটরযানকে রাইডশেয়ারিং সার্ভিস গাইডলাইন, ২০১৭ এর সংশ্লিষ্ট সকল শর্তাবলী মেনে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনার নিমিত্ত রাইডশেয়ারিং মোটরযান হিসেবে এনলিস্ট করা হলো।

অনুমোদনকারী কর্মকর্তার স্বাক্ষর, নাম ও পদবি